

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৩১

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যারা কষ্ট স্বীকার করে ধৈর্যধারণ করে মাদীনায় অবস্থান করে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার পক্ষে সাক্ষ্য দিবেন এবং তার জন্য সুপারিশ করবেন মর্মে বর্ণনা

ذِكْرُ شَهَادَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلصَّابِرِينَ عَلَى جَهْدِ الْمَدِينَةِ وَشَفَاعَتِهِ لَهُمْ  
يَوْمَ الْقِيَامَةِ

আরবী

3731 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يَصْبِرُ عَلَى لَأْوَائِهَا وَشِدَّتِهَا أَحَدٌ إِلَّا كُنْتُ لَهُ شَفِيعاً يَوْمَ الْقِيَامَةِ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3731 | خلاصة حكم المحدث: صحيح - ((الصحيحة)) (3073):

م.

বাংলা

৩৭৩১. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে কোন ব্যক্তি মাদীনার দুঃখ-কষ্টে সবর করবে, তবে কিয়ামতের দিন আমি তার জন্য সুপারিশকারী হবো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৯৭; সহীহ মুসলিম: ১৩৭৮; বাগাবী: ২০১৯; হুমাইদী: ১১৬৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩০৭৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93068>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন